TARBIAH | 1441 | 2020 | ISSUE-5

তারবিয়াহ



AL-FIRDAWS
আল-ফিরদাউস



সূচী

সম্পাদকীয়

সকল প্রশংসা মহান রাব্বুল আলামিনের দরবারে, যিনি আমাদেরকে সকল বাধা উপেক্ষা করে দ্বীনের সহিহ রাস্তায় এগিয়ে যাওয়ার তাওফিক দান করেছেন। দরূদ ও সালাম বর্ষিত হোক নবীকুল শিরোমণি মুহাম্মাদুর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের উপর, এবং তার পরিবার-পরিজন, সাথীবর্গ ও কেয়ামত পর্যন্ত আগত দ্বীনে হক্কের অনুসারি মুজাহিদিনের উপর।

প্রিয় মুসলিম ভাই ও বোনেরা !

'তারবিয়াহ' ম্যাগাজিনের পঞ্চম সংখ্যা প্রকাশিত হতে যাচ্ছে, আলহামদুলিল্লাহ। আল্লাহ তা'আলা এর সাথে সংশ্লিষ্ট লেখক, পাঠক, প্রস্তুতকারী এবং শুভাকাঙ্ক্ষী সকল ভাইকে উত্তম বিনিময় দান করুন, আমীন। আমাদের এই সংখ্যায় রয়েছে, নসিহা, বিধি-বিধান ও সংশয় নিরসন সংক্রান্ত আলোচনা। আরো রয়েছে পূর্বসুরিদের স্মৃতিচারণ এবং হক্কের প্রতি উদ্বুদ্ধ কারি আরো কিছু পাথেয়। আল্লাহ তা'আলা আমাদের সকলকে এর দ্বারা উপকৃত হওয়ার তাওফিক দান করুন, আমীন।

প্রিয় মুসলিম ভাই ও বোনেরা !

বর্তমানে করোনা ভাইরাসের প্রাদুর্ভাব চতুর্দিকে ছড়িয়ে পড়েছে। এর কারণে পুরো বিশ্ববাসী আতঙ্কগ্রস্থ হয়ে আছে। সাথে সাথে বহু মানুষের আকিদা-বিশ্বাসও নষ্ট হয়ে যাচ্ছে। এ নিয়ে কি আমরা ভেবে দেখেছি যে, এক্ষেত্রে ইসলাম আমাদেরকে কি বলে? অথচ মু'মিনের কাজই হচ্ছে, তার সামনে যখন যা আসবে তা নিয়ে চিন্তা-ফিকির করবে যে, ইসলাম আমাকে এক্ষেত্রে কি বলে? ঠিক তদ্রূপ "করোনা ভাইরাস" নামক মহামারির ক্ষেত্রেও আমাদেরকে জানতে হবে যে, ইসলাম এবিষয়ে কি বলে? আসুন আমরা জেনে নিই ইসলাম আমাদেরকে কি নির্দেশনা দেয় সে সম্পর্কে।

প্রিয় মুসলিম ভাই ও বোনেরা !

যখন কোনো জনপদে মহামারি দেখা দিবে তখন মানুষের জন্য করনীয় হলো- 'সর্ব প্রথম তাকদীরকে বিশ্বাস করা এবং আল্লাহ তা'আলা কর্তৃক তাকদীরের ফয়সালার উপর সন্তুষ্ট থাকা। সাওয়াবের আশা নিয়ে ধৈর্য ধারণ করা। আল্লাহর কাছে ভাইরাসে আক্রান্ত হওয়া থেকে বেঁচে থাকতে সাহায্য চাওয়া।' রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এসব অবস্থায় উম্মতকে সান্ত্বনা দিতেন। হাদিস শরীফে এসেছে-

عَنْ عَائِشَةَ رَضِيَ اللهُ عَنْهَا أَنَّهَا سَأَلَتْ رَسُولَ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ عَنِ الطَّاعُونِ، فَأَخْبَرَهَا أَنَّهُ كَانَ عَذَابًا يَبْعَثُهُ اللهُ تَعَالَى عَلَى مَنْ يشَاءُ، فَجَعَلَهُ اللهُ تَعَالَى رَحْمَةً لِلْمُؤْمِنِينَ، فَلَيْسَ مِنْ عَبْدٍ يَقَعُ فِي الطَّاعُونِ، فَيَمْكُثُ فِي بَلَدِهِ صَابِرًا مُحْتَسِبًا يَعْلَمُ أَنَّهُ لَا يُصِيبُهُ إِلَّا مَا كَتَبَ اللهُ لَهُ إِلَّا كَانَ لَهُ مِثْلُ أَجْرِ الشَّهِيدِ

অর্থ: আম্মাজান আয়েশা রা. থেকে বর্ণিত, তিনি রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে মহামারি সম্পর্কে জিজ্ঞাসা করেছেন, তিনি বলেছেন 'মহামারি আল্লাহ তাআলার একটি শাস্তি, তিনি তা যাকে ইচ্ছা তাকে দেন। তবে আল্লাহ তা'আলা তা মু'মিনদের জন্য রহমত আখ্যায়িত করেছেন। সুতরাং কোন বান্দা মহামারিতে আক্রান্ত হলে, সে যদি মহামারি আক্রান্ত এলাকায় সবরের সাথে সওয়াবের বিষয় মনে করে অবস্থান করে, আর এই বিশ্বাস পোষণ করে যে, আল্লাহ যা লিখে রেখেছেন তাই হবে, তবে সে মারা গেলে শহিদের সওয়াব পাবে।' (বুখারি হাদিস নং ৩৪৭৪)

যারা আল্লাহ তাআলার উপর অগাধ আস্থা এবং বিশ্বাস রাখে, সেসব লোকের দেহে যদি কোনো কাটার আঘাতও লাগে, তবে তারা আল্লাহর কাছে এর বিনিময় পাবে। সুতরাং যারা মহামারির ভয়াবহ অবস্থায় আল্লাহর উপর ভরসা করে ধৈর্য ধারণ করবে তাদের জন্য এটি মহামারি নয়। এদের জন্য এটি আল্লাহর রহমত। এর মাধ্যমে তাদের গোনাহ মাফ করে দেবেন। সাথে সাথে নিম্নের দু'আটিও সর্বদা আমল করতে থাকা।

اَللّٰهُمَّ اِنِّىْ اَعُوْذُ بِكَ مِنَ الْبَرَصِ وَ الْجُنُوْنِ وَ الْجُذَامِ وَمِنْ سَيِّءِ الْاَسْقَامِ

অর্থ : ‘হে আল্লাহ! আপনার কাছে আমি শ্বেত রোগ থেকে আশ্রয় চাই। মাতাল হয়ে যাওয়া থেকে আশ্রয় চাই। কুষ্ঠু রোগে আক্রান্ত হওয়া থেকে আশ্রয় চাই। আর দূরারোগ্য ব্যাধি (যেগুলোর নাম জানিনা) থেকে আপনার আশ্রয় চাই। (আবু দাউদ, তিরমিজি)

তিরমিজি শরীফে এসেছে, আরও একটি দু’আ রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম পড়তে বলেছেন:

اللَّهُمَّ إِنِّي أَعُوذُ بِكَ مِنْ مُنْكَرَاتِ الأَخْلاَقِ وَالأَعْمَالِ وَالأَهْوَاءِ وَ الْاَدْوَاءِ

অর্থ : হে আল্লাহ! নিশ্চয় আমি তোমার কাছে খারাপ (নষ্ট-বাজে) চরিত্র, অন্যায় কাজ ও কুপ্রবৃত্তির অনিষ্টতা এবং বিভিন্ন (বাজে অসুস্থতা ও নতুন সৃষ্ট) রোগ বালাই থেকে আশ্রয় চাই।’ (তিরমিজি)

সুতরাং কোনো অঞ্চলে মহামারি দেখা দিলে সেখান থেকে পালিয়ে না যেয়ে ঐ অঞ্চলেই ধৈর্য ধারণ করে বসবাস করা। যারা সে অঞ্চল থেকে না পালিয়ে ধৈর্য ধারণ করে অবস্থান করবে, যদি তারা সেখানে মারাও যায়, এটি হবে তার জন্য শহিদি মৃত্যু। কারণ হাদিসে প্রিয় নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ঘোষণা করেন-

‘আমার উম্মত কেবল যুদ্ধ ও মহামারিতেই ধ্বংস হবে।’

তাই যে এলাকায় মহামারি ছড়িয়ে পড়বে সেখানে অবস্থান করে যদি কেউ মৃত্যুবরণ করে তাহলে সে শহিদ বলে আখ্যায়িত হবে। আর মহামারি এলাকা থেকে যে পালিয়ে আসবে তাকে জিহাদ থেকে পলায়নকারীর মতোই গণ্য করা হবে।

যুদ্ধের ময়দান থেকে নিজেদের সঙ্গীসাথীদের সহযোগিতা না করে পলায়ন করাকে হাদিসে যেমন কবিরা গোনাহ আখ্যা দেয়া হয়েছে, তেমনি কুরআনে জিহাদ থেকে পলায়নকারীকে আল্লাহর ক্রোধে নিপতিত হওয়ার ধমকি শোনানো হয়েছে। তাই মহামারি আক্রান্ত এলাকা থেকে পলায়ন করা জিহাদ থেকে পলায়ন করার মতই।

করোনা ভাইরাস আক্রান্ত এলাকার মানুষের জন্য এ বিধান। ভাইরাস আক্রান্ত এলাকা থেকে যেমন কেউ পালিয়ে অন্যত্র যাবে না তেমনি বাহিরের অঞ্চল থেকেও ভাইরাস আক্রান্ত এলাকায় যাওয়া ঠিক নয়। প্রিয়নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বিষয়টি সুস্পষ্ট করেছেন। হাদিস শরীফে এসেছে- রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন,

‘যখন কোনো এলাকায় মহামারি ছড়িয়ে পড়ে তখন যদি তোমরা সেখানে থাকো তাহলে সেখান থেকে বের হবে না। আর যদি তোমরা বাইরে থাকো তাহলে তোমরা সেই আক্রান্ত এলাকায় যাবে না।’ (বুখারি ও মুসলিম)

এ সবই রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের নির্দেশনা। এ নির্দেশনা পালনে কোনরূপ খুঁত তালাশ না করা। মুসলমানের কাজ হচ্ছে তাঁর এই নির্দেশনাগুলো যথাযথভাবে মেনে চলা। ইসলাম সব বিষয়ই মধ্যপন্থা শিক্ষা দেয়। মহামারির ক্ষেত্রে মধ্যপন্থা তাই যা প্রিয়নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ঘোষণা করে গেছেন। আল্লাহ তা’আলা আমাদেরকে এই নির্দেশনাগুলো মেনে চলার তাওফিক দান করুন। আমীন।

পরিশেষে বলছি সকলেরই একথা বিশ্বাস করা আবশ্যক যে, জীবন দেওয়ার মালিক আল্লাহ, নেওয়ার মালিকও আল্লাহ। আল্লাহর হুকুম ও ফয়সালা অনুযায়ীই সকলের মৃত্যু হবে। তাঁর ফয়সালার বাহিরে অন্য কোন কিছুই মৃত্যু দেওয়ার ক্ষমতা রাখেনা। আল্লাহ তা’আলা আমাদেরকে আকিদা-বিশ্বাস বিশুদ্ধ রেখে জীবন যাপন করার তাওফিক দান করুন, সবশেষে শহিদী মরণ দান করুন। আমীন।



যুবকদের জন্য নসিহা

শাইখ সুলায়মান আল উলওয়ান হাফিজাহুল্লাহ

অনুবাদ: মাওলানা খালেদ সাইফুল্লাহ

সাম্প্রতিক সময়ে আমরা দেখছি যে, কিভাবে কিছু কিশোররা তাদের নীতি হতে দোদুল্যমান। তারা সহজেই তাদের নীতি হতে সরে পড়ে এবং অটল থাকতে পারেনা। তারা ঘুরে যায় ঠিক রাজনীতিবিদদের মতো এবং বাস্তবতাও ঘুরে যায়। এমনটা হবার অনেকগুলো কারণ আছে। আমি এখানে প্রধান প্রধান কারণগুলো বর্ণনা করছি –

প্রথমত: কিছু লোক প্রকৃত ঘটনা ও ধর্মের বাস্তবতা এড়িয়ে যায়। তাই তারা ইবনে তাইমিয়্যাহর পায়ের কাছাকাছি না গিয়েও নিজেদেরকে তাঁর সমপর্যায়ের মনে করে। ফলে তারা নিজেদেরকে এমন পরিস্থিতিতে নিয়ে যায়, যা তাদের পক্ষে সামলানো সম্ভব হয়না। তারা ইবনে তাইমিয়্যাহর জীবনী ও উক্তিগুলো পড়েছে এবং যা তিনি করেছেন তা তারা করতে চায়। কিন্তু তাদের মধ্যে ইবনে তাইমিয়্যাহর প্রাথমিক আদবগুলো অনুপস্থিত। এক্ষেত্রে দেখা যাচ্ছে তারা শুধু ফলাফলটা গ্রহণ করে, ফলাফল অর্জনের উপায়টা নয়।

এতে কোন সন্দেহ নেই যে, তারা এমনটা করে নিজেকে এবং নিজের ঈমানকে ক্ষতিগ্রস্ত করছে। আর সে নিজেকে পরীক্ষার সামনে উপস্থিত করে না কেননা সে এগুলো সহ্য করতে পারবে না। কিছু দ্বীনি কিশোররা বলে যে, তারা নিজেদের বিসর্জন দিতে চায় এবং তারা এমন কিছু করে যা হয়ত গ্রহণযোগ্য। কিন্তু তারা সঠিকভাবে কাজটি করে না, যেভাবে কাজটি করতে হয়। তাই তারা এমন কিছু পরীক্ষার সম্মুখীন হয়, যা তারা সামলাতে পারে না ফলে তারা আবার সরে যায়।

দ্বিতীয়ত: ভালবাসা। অনেক কিশোরদের কিছু আলেম, দাঈ এবং সৎকর্মশীলদের প্রতি এতই ভালবাসা থাকে যে, তারা নিজেদের ভালবাসা প্রকাশ করার জন্য বা অন্যদের কাছে নিজেদের শ্রেষ্ঠত্ব তুলে ধরার জন্য – অন্যদের বিরুদ্ধে বিদ্বেষমূলক গল্প - রচনাও প্রচার করে। এছাড়া পরস্পরকে নিন্দা, অবমাননা, খারাপ ব্যবহার, আলেমদের প্রতি শ্রেণী বিভাগ ও তুলনা করা শুরু করে কোন জ্ঞান ছাড়াই। যেমন: এই আলেম বেশি জানেন, ইনি বিপদজনক, ইনি বেশি যথাযথ ইত্যাদি। এভাবেই তারা অপবাদ দেয়া ও শ্রেণীবিভাগ ইত্যাদি করা শুরু করে। আর এই বিষয়গুলো অজ্ঞতা এবং পথভ্রষ্টতার দিকে নিয়ে যায়।

আবু ইয়া'লা "তাবকাত ইবনে রাজাব" বইতে এমন কিছু লোকের কথা তুলে ধরেছেন, যারা সৎকর্মশীলদের আক্রমণ করত ও অপবাদ দিত, ফলে তারা পথভ্রষ্ট হয়। এব্যাপারে ইমামদের জীবনীতে আরো বিস্তারিত আছে।

আল মুখাদ্দিম, মাহমুদ ইবন ইসমাইলের একটি ভাল বই, "হারামাতুল আহলিল ইসলাম" এই বিষয়টির জন্য ভাল এবং উপকারী।

তৃতীয়ত: কম আমল। তারা কাজের চেয়ে গল্প ও কথা বেশি বলে। আপনারা দেখবেন, কিশোরদের কেউ কেউ হক প্রচারের অজুহাতে কথা বলে এবং সিদ্ধান্ত নেয়। তারা বলে - এগুলো কোন বাজে আড্ডা নয়, কিন্তু তাদের অন্তরে আনুগত্য নেই।

তারা বিদ্বেষমূলক গল্পগুজব করে ও অপবাদ দেয়। কিঞ্চিৎ তাহাজ্জুদে দাঁড়ায়, এমনকি ফজরের নামাজেও অবহেলা করে। তারা আল্লাহর হককে অবহেলা করে এবং অন্যান্য দুনিয়াবী জিনিস নিয়ে ব্যস্ত থাকে। সে তার ভাইয়ের চোখের এক চিমটি বালুও দেখতে পায়, কিন্তু নিজের অঙ্গহানী দেখতে পায় না। এ অভ্যাসগুলো তাকে পথভ্রষ্টতার দিকে নিয়ে যায়।

চতুর্থত: তারা এমন জিনিস বহন করে যা তারা সহ্য করতে পারে না। অর্থাৎ তারা তাদের সাধ্যের বেশি নিজেদের উপর

নিয়ে নেয়। আর এটা স্বাভাবিক, যে একজন যখন তার সাধ্যের চাইতে বেশি কিছু বহন করবে, তখন সে পথভ্রষ্টতার দিকে এগিয়ে যাবে। তাই এটা আবশ্যক যে, একজন শিক্ষক তার কিশোর ছাত্রকে - সে নিজে যা জানে সবটুকুই দিবে না। সে ছাত্রদেরকে, তারা যতটুকু সামলাতে পারবে এবং যতটুকুর উপযুক্ত ততটুকুই দিবে।

রাসুলের (সাঃ) সময় দেখুন, যখন আবু দাহর তাঁর কাছে এসে মুসলিম হন এবং বলেন, "আমাকে তাদের কাছে প্রচার করতে দিন।" তিনি (সাঃ) বলেন, "না। তোমার লোকজনের কাছে ফিরে যাও এবং যখন তুমি আমার কাছ থেকে খবর পাবে যে তুমি ইতিমধ্যে প্রচার করেছ তখন আমার কাছে ফিরে আস।"

তাই রাসুলুল্লাহ(সাঃ) মানুষের প্রতি স্নেহশীল ছিলেন। এবং যেহেতু মানুষ তাদের নাম ও অবস্থানের চেয়ে তাদের সামর্থ্য ও ধৈর্যের দিক দিয়েই বেশি পৃথক হয়ে থাকে। ইমাম আহমাদ রাহি. এর সময়কার ফিতনার দিকে দেখুন। আবু ম'মার, আহমাদ ইবন মানীই, আলী ইবন আল-মাদিনী, ইয়াহইয়া ইবন ম'ঈন আনুগত্য করেন। এরা ছিলেন সেসময়ের নেতা। তারা আনুগত্য করেন এবং বাধা দেননি এবং প্রচার করেননি। মাত্র তিনজন অটল ছিলেন: আহমাদ ইবন হানবাল, মুহাম্মদ ইবনে নুহ: এবং তাঁর ভাই খুজা'আহ। খুজা'আহকে হত্যা করা হয়।

মুহাম্মদ ইবন নূহ: জাহাজে মারা যান এবং শুধু আহমেদ বেঁচে থাকেন। তাঁর কিছু সঙ্গী তাঁকে জিজ্ঞেস করলেন, "হে আবু আবদুল্লাহ, আপনি কি দেখছেন না কিভাবে সত্যের উপর মিথ্যা জয়লাভ করে?" তিনি বলেন, "কখনোই না। যতক্ষণ অন্তর সত্যের উপর অটল থাকে ততক্ষণ সত্য জয়ী থাকে।" মুসলিমদের উপর এটা করণীয় যে, যখন তাঁরা অটল আছেন এবং আল্লাহ তাদের পথপ্রদর্শনের মাধ্যমে ও ন্যায়নিষ্ঠদের ভ্রাতৃত্ব দ্বারা অনুগ্রহ করেছেন তখন তাদের দায়িত্ব হচ্ছে অন্যদেরকে দয়া ও জ্ঞানের মাধ্যমে সৎকাজে আদেশ এবং অসৎকাজে বাধা দিবেন। আল্লাহ বলেন-

فَوَجَدَا عَبْدًا مِنْ عِبَادِنَا آتَيْنَاهُ رَحْمَةً مِنْ عِنْدِنَا وَعَلَّمْنَاهُ مِنْ لَدُنَّا عِلْمًا (65) -

"আমার বান্দা যাকে আমি আমার পক্ষ হতে রহমত দিয়েছি এবং জ্ঞান শিক্ষা দিয়েছি।" (সূরা কাহাফ, আয়াত ৬৫)

এবং তার অর্থহীন ও অমঙ্গল কোন কিছুতে যাওয়া উচিৎ নয়। বরং এসব ব্যাপার আলেমদের উপর ছেড়ে দেওয়া উচিৎ এবং নিজের জন্য এমন একটি সময় বের করা উচিৎ যখন সে আল্লাহর ইবাদত করবে এবং আল্লাহর হক আদায় করবে। এবং তার কথা তার নীরবতার চেয়ে বেশি হবে না এবং তার কথা তার কাজের চেয়ে বেশি হবে না, কারণ আমাদের এতে ঘাটতি আছে।

পঞ্চমত: রিয়াহ। এটা পথভ্রষ্টতার দাসত্যের দিকে নিয়ে যায়।

ষষ্ঠত: নিজের প্রশংসা। কিছু লোক নিজের কাজের প্রশংসা এবং অন্যের কাজকে তুচ্ছজ্ঞান করে। এটা একধরনের ঔদ্ধত্য। এরকম জিনিস পথভ্রষ্টতার দাসত্যের দিকে নিয়ে যায়।

সপ্তমত: জ্ঞানী লোকজন এবং আলেমদের সাথে যোগাযোগের অভাব। যে বিচ্ছিন্নভাবে থাকে সে হয় নিজেকে উল্লেখযোগ্য ব্যক্তি মনে করে অথবা সে মানুষের বাস্তবতা দেখে নি এবং তার সাথে ইসলামের অনুসারী কেউ নেই। এবং যখন কাউকে জিজ্ঞেস করা হয় যে কোন আলেম আছে কিনা তখন সে চিন্তা করে যে আলেমদের বোঝা খুব কঠিন। এবং উমার ইবনে আবদুল আযীয রহ. হতে বর্ণিত, "যখন বলা হয়েছে যে, মানবজাতির সবাইকে জান্নাত ও জাহান্নামের মাঝে দাড় করিয়ে বলা হবে যে, একজন ছাড়া সবাই জান্নাতে যাবে তখন আমি দুশ্চিন্তায় পড়ি যে আমি সেই জন।"

বাস্তবতা হচ্ছে অনেকে নিজেকে ছোট মনে করে এবং আলেম ও ন্যায়পরায়ণদের সাথে বসে না, তাঁরা তাকে সাহায্য করতে পারে এবং আল্লাহ জাল্লা ওয়া আলার কথা স্মরণ করিয়ে দিতে পারে। এবং যেমনটা কিছু সাহাবারা বলতেন, "আমাদের সাথে বস এবং এক ঘন্টার জন্য বিশ্বাস কর।" তাই তারা এটা জানে তারপরও নিজেদের নিয়ে ভয়ে থাকে। এগুলো সম্ভবত বড় কারণ গুলো, কিন্তু আমার মতে সবচেয়ে বড় কারণ হচ্ছে যুবকদের মধ্যে সচ্চরিত্রের অভাব। এবং আপনি কিছু ব্যাপারে এটা পরীক্ষা করে দেখতে পারেন, অনেকে আছেন যারা মনে করেন যে, তারা ইবনে তাইমিয়্যাহর মতো এবং তদানুসারে তারা টিভি দেখেন এবং কোন চিন্তাই করেন না। সে বলে, "আমি নিজেকে জানি।" কিন্তু এখনও সে নিজেকে জানে না।

শীঘ্রই সে নারীদের সৌন্দর্যের খাদে পড়ে যায়, যা টিভি চ্যানেলের মধ্যে অনেক বড় ফিতনাহ। এবং এরপর সে নারীদের এবং যৌন-মিলনের এবং আরো নিষিদ্ধ জিনিসের প্রলোভনে পড়ে যায়। তারা বুকভরা সাহস নিয়ে টিভি চ্যানেলের লাগামকে অবহেলা করে, পথভ্রষ্টতার কোন সন্দেহ ছাড়াই। এবং এর প্রমাণ হচ্ছে রাসুলুল্লাহর (সা:) উক্তি, "আমি এমন কোন ফিতনা এপর্যন্ত দেখিনি যা নারীর চেয়ে বেশি ক্ষতিকর।"

বিদ্রোহকারী দল ও শরীয়াহ পালনে বাঁধা প্রদানকারী দলের বিধান



শাইখ হারেস বিন গাযী নাযারী রহ.

অনুবাদ: মাওলানা জাকির আহমাদ

(তাওহীদ ও কিতাল দরস সিরিজ থেকে)

প্রকাশনায়: আল মালাহিম ফাউন্ডেশন

بسم الله الرحمن الرحيم

ـ (فلولا نفر من كل فرقة منهم طائفة ليتفقهوا في الدين ولينذروا قومهم إذا رجعوا إليهم لعلهم يحذرون) ـ

তাদের প্রত্যেক দলের এক অংশ কেন বের হয়না যাতে তারা দ্বীনের গভীর জ্ঞান অর্জন করতে পারে এবং স্বীয় সম্প্রদায়কে ভীতিপ্রদর্শন করতে পারে, যখন তারা তাদের কাছে ফিরে আসবে, যাতে তারা সতর্ক হয়।
(সূরা তাওবা, আয়াত ১২২)

(বিদ্রোহকারী দল ও শরীয়াহ পরিত্যাগকারী বা তা পালনে বিরত দলের বিধান)

السلام عليكم ورحمة الله وبركاته۔

الحمد لله رب العالمين، اللهم صلّ على محمد وعلى آل محمد كما صليت على إبراهيم وعلى آل إبراهيم، وبارك على محمد وعلى آل محمد كما باركت على إبراهيم وعلى آل إبراهيم في العالمين إنك حميد مجيد. أما بعد،

গত দরসের আলোচনা ছিল মুসলমানদের এমন দল বা গোষ্ঠী সম্পর্কে যারা "লা ইলাহা ইল্লাল্লাহ" বলে এবং ঈমান ও ইসলামের কথা স্বীকার করে। তা সত্ত্বেও তাদের হত্যা বৈধ। বরং কোন কোন ক্ষেত্রে তাদের হত্যা করা এবং তাদের বিরুদ্ধে লড়াই করা ওয়াজিব। এই দলটি যাদের সম্পর্কে আমরা গত দরসে কথা বললাম, তা ছিল – 'যুদ্ধরত দল'।
আজকের আলোচনা আরেকটি দল সম্পর্কে। এমন একটি দল যারা "লা ইলাহা ইল্লাল্লাহ" বলে, অথচ তাদের বিরুদ্ধে কিতাল করা ওয়াজিব। এই দলটিই হল "বাগী" তথা বিদ্রোহী দল। বাগী শব্দটি "বাগয়ুন" শব্দমূল থেকে গঠিত। যার অর্থ, সীমালঙ্ঘন করা।

বিদ্রোহকারী দল বলতে কী বুঝায়? কারা এই বিদ্রোহকারী?

ফকীহদের পরিভাষায় তারা হল ঐ সকল লোক যারা কোন শরয়ী শাসকের বিরুদ্ধে মনগড়া ব্যাখ্যার অজুহাতে বিদ্রোহ করে। সেইসাথে তাদের রয়েছে বিশেষ দাপট। অর্থাৎ সেখানে আমীরুল মু'মিনীন আছেন। শরয়ী আমীরুল মু'মিনীন। যিনি আল্লাহর আইন ও শাসন বাস্তবায়ন করেন। কুরআন ও সুন্নাহর বিধানাবলী বাস্তবায়নের দায়িত্বশীল যিনি। এমতাবস্থায় যে দল বা গোষ্ঠী তাঁর বিরুদ্ধে বিদ্রোহ করতে চায়, তাঁকে হটাতে চায় কিংবা তাঁর শাসন ও আনুগত্য থেকে বেরিয়ে যেতে চায়। শুধু তাই নয়, বরং এমন শরয়ী শাসককে হটানোর জন্য কিংবা তাঁর আনুগত্য থেকে বেরিয়ে যাবার জন্য লড়াই করে। এমন দলকেই বিদ্রোহী দল বা বিদ্রোহী গোষ্ঠী হিসেবে অভিহিত করা হয়।

বিদ্রোহকারী দল ও যুদ্ধরত দলের মাঝে পার্থক্য কী?

যুদ্ধরত ব্যক্তি কোনরকম ব্যাখ্যাহীনভাবেই নিছক অবাধ্যতার বশবর্তী হয়ে শাসকের বিরুদ্ধে বের হয়ে আসে। যে পার্থিব স্বার্থে ধন-সম্পদের লিপ্সায় বের হয়। যে সম্পদ লুট করতে ও নিরপরাধ লোকজনকে খুন করতে চায়।

পক্ষান্তরে বিদ্রোহকারী হল ঐ ব্যক্তি, যে কোন যুক্তিপূর্ণ ব্যাখ্যার আলোকে লড়াই করতে বের হয়। এভাবে সে কখনো খুন করে এবং সম্পদ লুট করে। কিন্তু যুদ্ধবাজ ব্যক্তি শুধুই দুনিয়াবী স্বার্থে বের হয়, অথচ বিদ্রোহী বের হয় শরয়ী বিভিন্ন বিধানাবলীর আলোকে যৌক্তিক কোন ব্যাখ্যার ভিত্তিতে। যদিও সেসব ব্যাখ্যা সঠিক নয়, কিন্তু তার ধারণায় তা সঠিক। এবং এ ব্যাপারে তার কাছে নানা শরয়ী যুক্তিপ্রমাণও থাকে। একারণেই সে লড়াই করে। তো এমন লোক হল বিদ্রোহী। এমন লোকদের প্রসঙ্গেই আমরা এখন আলোচনা করবো।

এই বিদ্রোহকারী দলই শরয়ী শাসকের বিরুদ্ধে তাকে অপসারণ করতে নিরস্ত্র বা সশস্ত্র অবস্থায় বের হয়।

এই বিদ্রোহীদের বিধান কী?

যদি বিদ্রোহীদের কোনরকম প্রভাব প্রতিপত্তি, শক্তিমত্তা, দাপট এবং অস্ত্রসস্ত্র না থাকে তবে শাসনকর্তার কর্তব্য হল তাদের গ্রেফতার করে বন্দি করে রাখা, যতক্ষণ না তারা তাওবা করে। পক্ষান্তরে যদি তারা যুদ্ধ বা লড়াইয়ের প্রস্তুতি নেয়, সেইসাথে যদি তাদের প্রভাব প্রতিপত্তি ও অস্ত্রসস্ত্র থাকে তাহলে শাসনকর্তা তাদেরকে তার আনুগত্য আঁকড়ে থাকার আহ্বান জানাবেন, তাদেরকে আদালতের ইনসাফ ও মুসলমানদের জামাতের সিদ্ধান্ত মেনে নেয়ার আহ্বান জানাবেন। এরপর যদি তারা তা প্রত্যাখ্যান করে, তখন তিনি তাদের বিরুদ্ধে কিতাল করতে থাকবেন যতক্ষণ না তাদের পরাস্ত করেন। তবে তারা যুদ্ধ শুরু করা পর্যন্ত ইমাম বা শাসনকর্তা প্রথমে তাদের বিরুদ্ধে লড়াই শুরু করবেন না। কেননা তাদের বিরুদ্ধে লড়াইটা হল শুধু তাদের অনিষ্টতা দমনের স্বার্থে। এজন্য তাদের মধ্যে যে ব্যক্তি যুদ্ধক্ষেত্র থেকে ভেগে পিছু হটবে তাকে হত্যা করা জায়েয হবেনা। এমনকি বিদ্রোহী দলের কেউ যদি বন্দী হয়ে আসে তবে তাদের বন্দীদের হত্যা করা যাবেনা। এবং তাদের কোন আহত ব্যক্তির উপর হামলে পড়ে তাকে হত্যা করা যাবেনা। এমনটাই সংখ্যাগরিষ্ঠ ফকীহদের অভিমত।

এসকল বিধানের দলীল কী?

আল্লাহ তা'য়ালা ইরশাদ করেন-

وإن طائفتان من المؤمنين اقتتلوا فأصلحوا بينهما فإن بغت إحداهما على الأخرى فقاتلوا التي تبغي حتى تفيئ إلى أمر الله، فإن فاءت فأصلحوا بينهما بالعدل وأقسطوا إن الله يحب المقسطين

যদি মুমিনদের দু'দল যুদ্ধে লিপ্ত হয়ে পড়ে, তবে তোমরা তাদের মধ্যে মিমাংসা করে দিবে। অতঃপর যদি তাদের একদল অপর দলের উপর চড়াও হয়, তবে তোমরা আক্রমণকারী দলের বিরুদ্ধে যুদ্ধে করবে; যে পর্যন্ত না তারা আল্লাহর নির্দেশের দিকে ফিরে আসে। যদি ফিরে আসে, তবে তোমরা তাদের মধ্যে ন্যায়ানুগ পন্থায় মীমাংসা করে দিবে এবং ইনসাফ করবে। নিশ্চয় আল্লাহ ইনসাফকারীদের পছন্দ করেন। (সূরা হুজরাত আয়াত ৯) তো আল্লাহপাক এখানে তাদেরকে দু'টি মুমিন দল হিসেবে অভিহিত করেছেন। এটিও মুমিন দল, সেটিও মুমিন দল। কিন্তু এরা শরয়ী শাসকের বিরুদ্ধে বিদ্রোহ করেছে। পক্ষান্তরে মুরতাদ শাসক, সে তো মূলত শাসকই নয়; বরং তাকে কতল করা ওয়াজিব। তাকে শাসনক্ষমতা থেকে অপসারণ করা এবং তার বিরুদ্ধে বিদ্রোহ করা ওয়াজিব।

কিন্তু আমরা কার সম্পর্কে কথা বলছি? আমরা কথা বলছি শরয়ী শাসকের ব্যাপারে।

তো কোথাও যদি কোন শরয়ী শাসক থাকে আর সেখানে কোন দল বা গোষ্ঠী তাঁকে অপসারণ করতে বা তাঁর বিরুদ্ধে বিদ্রোহ করতে আসে তাহলে এই বিদ্রোহী দলের সাথে আমরা আপোষ মীমাংসা করার চেষ্টা করবো। কিন্তু তারা যদি মীমাংসা করতে, কল্যাণের আহ্বানে সাড়া দিতে এবং মুসলিমদের জামাতে প্রবেশ করতে অস্বীকৃতি জানায় তবে আমরা বিদ্রোহকারী দলটির বিরুদ্ধে কিতাল করবো, যতক্ষণ না তারা শরয়ী শাসনকে আবশ্যকীয়ভাবে মেনে নেয়।

বিদ্রোহকারী দল যেহেতু অনেক মানুষ হত্যা করে এবং তাদের ধনসম্পদ লুটপাট করে, তো তাদের উপর কর্তৃত্ব লাভ হবার পর এবং পূর্ণ নিয়ন্ত্রণ প্রতিষ্ঠা হবার পর কি আমরা তাদের বিরুদ্ধে নিহতদের প্রাণের কিসাসের ফায়সালা করবো? এবং আত্মসাৎকৃত ধনসম্পদের জরিমানা আরোপ করবো? এই ব্যাপারে আমরা বলবো, তোমরা যেহেতু অমুকের অমুকের এত এত সম্পত্তি আত্মসাৎ করেছো, তাই আমরা তোমাদের থেকে সেই সকল আত্মসাৎকৃত সম্পত্তি ফিরিয়ে দেয়ার দাবি জানাবো। এবং তোমরা যেহেতু অমুক অমুককে খুন করেছো, তাই আমরা এখন তাদের ব্যাপারে কিসাসের দাবি করবো, এবং ঐ সকল নিরপরাধ লোকদের খুন করার বদলায় আমরা তোমাদের হত্যা করবো।

তবে সংখ্যাগরিষ্ঠ ফকীহদের মতে ব্যাখ্যা অবলম্বনকারী বিদ্রোহকারীরা তাদের লড়াইয়ে জানমালের যে ক্ষতিসাধন করেছে এতে তাদের কোন জরিমানা হবেনা।

এর দলিল হল, ইমাম যুহরী রহ.যা বর্ণনা করেছেন-তিনি বলেন, মানুষের মাঝে বিরাট এক ফিতনা হয়েছিল। যাতে বদরী সাহাবীগণও ছিলেন। তখন সাহাবাদের মাঝে এই বিষয়ে ইজমা বা ঐক্যমত্য প্রতিষ্ঠিত হয়েছিল যে, যে ব্যক্তি কুরআনের আয়াতে তাবীল করে বা ব্যাখ্যাসাপেক্ষে হারাম যৌনাঙ্গকে হালাল করে তার উপর হদ (যিনার অপরাধে শরয়ী দণ্ড) কায়েম করা হবেনা। এবং যে ব্যক্তি কুরআনের আয়াতে তাবীল করে হারাম রক্ত (যা প্রবাহিত করা হারাম) প্রবাহিত করে তাকে হত্যা করা হবেনা। একইভাবে যে ব্যক্তি কুরআনের আয়াতে তাবীল করে ধনসম্পদের ক্ষতিসাধন করে তার জরিমানা হবেনা। এটি ইমাম যুহরী রহ.বর্ণনা করেছেন। আর এটাই ইজমাঈ' তথা সর্বসম্মত মাসআলা যে, তারা জানমালের যে ক্ষয়ক্ষতি করবে তাতে তাদের কোন জরিমানা হবেনা।

এই বিদ্রোহীদের সাথে লড়াই আর মুশরিকদের সাথে লড়াইয়ের মাঝে পার্থক্য কী?

ইমাম কারাফী রহ.তাঁর “মাজমূ’আতুল ফুরূক” গ্রন্থে বিদ্রোহকারীদের সাথে লড়াই এবং কাফের-মুশরিকদের সাথে লড়াইয়ের মধ্যকার এগারোটি পার্থক্যের কথা তুলে ধরেছেন।

তন্মধ্যে একটি হলো, বিদ্রোহকারীদের সাথে লড়াইয়ের উদ্দেশ্য হচ্ছে তাদের ভড়কে দেয়া; তাদের নির্মূল বা হত্যা করা নয়।

দ্বিতীয়টি হলো, তাদের মধ্য হতে যুদ্ধের ময়দান থেকে পলায়নকারী ব্যক্তিকে ছাড় দেয়া হবে, তার পিছু লাগা যাবেনা।

তৃতীয়, তাদের আহত ব্যক্তির উপর হামলে পড়ে তাকে হত্যা করা যাবেনা।

চতুর্থ, তাদের বন্দীদের হত্যা করা হবেনা।

পঞ্চম, তাদের ধনসম্পদ গনীমত হিসেবে গ্রহণ করা যাবেনা। সুতরাং বুঝা গেল, তাদের ধনসম্পদের মধ্যে থেকে যা আমাদের হাতে আসবে সব তাদের কাছে ফিরিয়ে দিতে হবে, এগুলো গনীমত নয়।

ষষ্ঠ, তাদের স্ত্রী, পরিবার-পরিজনদের দাসদাসী হিসেবে গ্রহণ করা হবেনা।

সপ্তম, তাদের বিরুদ্ধে লড়াইয়ে কোন মুশরিকের সহায়তা গ্রহণ করা যাবেনা। অর্থাৎ আমরা কাফের-মুশরিকদের কাছে গিয়ে একথা বলতে পারবোনা যে, এই বিদ্রোহী গোষ্ঠী আমাদের শরয়ী শাসকের বিরুদ্ধে বিদ্রোহ করেছে, সুতরাং এসো, আমাদের সাথে এই মুসলমানদের বিরুদ্ধে লড়াই করো। এটা জায়েয নেই।

অষ্টম, তাদের সাথে অর্থের বিনিময়ে কোন চুক্তি করবোনা। মৌখিকভাবে যা কথা হবে তাই যথেষ্ট। তাদের আর আমাদের মাঝে সন্ধি হবে। কোন সম্পদের মুকাবেলায় তদ্রূপ সম্পদ।

নবম, তাদের বিরুদ্ধে কোন ক্ষেপণাস্ত্র ইত্যাদি স্থাপন করা যাবেনা।

দশম, তাদের বাড়িঘরে অগ্নিসংযোগ করা যাবেনা। এবং তাদের গাছপালা কাটা যাবেনা।

এই হল ইমাম কারাফী তাঁর “ফুরূক” কিতাবে ‘বিদ্রোহীদের সাথে যুদ্ধ এবং মুশরিকদের সাথে যুদ্ধের মাঝে পার্থক্য’ অনুচ্ছেদে যা উল্লেখ করেছেন তার সারসংক্ষেপ।

শেষোক্ত দল: কিছু দল এমন আছে যাদের বিরুদ্ধে লড়াই করা ওয়াজিব, অথচ তারা মুসলমান। তারা লা- ইলাহা ইল্লাল্লাহ মুহাম্মাদুর রাসুলুল্লাহ বলে। সেগুলো হল- যুদ্ধরত দল, বিদ্রোহীদের দল। এখন আলোচনা হবে তৃতীয় দলটির, আর তা হল, শরীয়াহ পালনে বিরত বা তা পরিত্যাগকারী দল।

শরীয়াহ পরিত্যাগকারী বা তা পালনে বিরত দল লা- ইলাহা ইল্লাল্লাহ বলা সত্ত্বেও তাদের বিরুদ্ধে লড়াই করা হবে।

বিরত থাকা বলতে কী বুঝায়?

আলোচনার শুরুদিকে এর ব্যাখ্যা হয়ে গেছে যে, বিরত থাকা বলতে দু’টি বিষয় বুঝায়:

প্রথম অর্থঃ আংশিকভাবে বা সামগ্রিকভাবে শরীয়াহ অনুযায়ী আমল করতে বিরত থাকা।

দ্বিতীয় অর্থঃ মুসলমানদের শাসকের ক্ষমতা প্রয়োগে বিরত থাকা। অর্থাৎ তিনি অন্যায় কাজ বন্ধ করতে বা সেই বিষয়ে কৈফিয়ত তলবে বিরত থাকা।

গতবার আমরা যে বিষয়ে আলোচনা করেছিলাম তা ছিল শাসকের এই ক্ষমতা প্রয়োগে বিরত থাকা নিয়ে। এবারের আলোচনা হলো প্রথম দলটি সম্পর্কে। অর্থাৎ যে দলটি আংশিক বা সামগ্রিকভাবে শরীয়াহ অনুযায়ী আমল থেকে বিরত থাকে।

এই দলের বিরুদ্ধে কিতালের ব্যাপারে উলামায়ে কেরাম সর্বসম্মতিক্রমে একমত। এটি একটি ইজমায়ী’ মাসআলা বা সর্বসম্মতিক্রমে ঐক্যমত্যপূর্ণ সিদ্ধান্ত যে, শরীয়াহ পালনে বিরত দল- যারা শরীয়তের বিধান পালনে এবং শরীয়তের সিদ্ধান্ত আংশিকভাবে কিংবা সামগ্রিকভাবে মেনে নিতে বিরত রয়েছে তাদের বিরুদ্ধে সর্বসম্মতিক্রমে জিহাদ-কিতাল ওয়াজিব।

এই ব্যাপারে ইজমা’ (তথা সাহাবায়ে কেরামের ঐক্যমত্য সিদ্ধান্ত) যারা বর্ণনা করেছেন তাদের মধ্যে ইমাম ইবনে তাইমিয়াহ রহ. অন্যতম। যেমনটি তাঁর ফতওয়া সমগ্র ২৮ তম খণ্ডে আছে- “শরীয়তের ধারাবাহিক সূত্রে বর্ণিত সুস্পষ্ট বিধানাবলীর মধ্য থেকে কোন বিধান আবশ্যকীয়ভাবে পালনে বিরত যেকোন দলের বিরুদ্ধে কিতাল করা ওয়াজিব, যতক্ষণ না তারা শরীয়তকে আবশ্যকীয়ভাবে গ্রহণ করে। যদিও তারা শাহাদাতাইন স্বীকার করে (তবুও তাদের বিরুদ্ধে কিতাল ওয়াজিব। অর্থাৎ অনেক সময়ে মানুষ কালেমা স্বীকার করে নেয়ার পরও যাকাত, জিহাদ কিংবা অন্যকোন শরয়ী বিধান পালনে বিরত থাকে, তো সেক্ষেত্রে তার কালেমা পড়ে নেয়াটা তাকে হত্যা থেকে সুরক্ষা দিতে পারেনা।) যদিও তারা কালেমা পড়ে, যদিও তারা শরীয়তের কিছু কিছু বিধান আবশ্যকীয়ভাবে পালন করে। যেমন, হযরত আবু বকর রা. এবং সাহাবায়ে কেরাম রা. যাকাত দিতে অস্বীকৃতি জ্ঞাপনকারীদের বিরুদ্ধে কিতাল করেছিলেন। এ ঘটনার ভিত্তিতে ফুকাহায়ে কেরাম এ বিধানের ব্যাপারে একমত পোষণ করেন। এবং হযরত উমর রা. হযরত আবু বকর রা. এর সাথে এ বিষয়টি নিয়ে বিতর্কের পর সাহাবায়ে কেরাম রা.

কুরআন-সুন্নাহর দলিলের ভিত্তিতে ইসলামের বিধিবিধান পালন না করার ক্ষেত্রেও কিতালের ব্যাপারে একমত হয়েছেন”।

অতঃপর ইবনে তাইমিয়াহ রহ. বলেন, এভাবে খারেজীদের ব্যাপারে নবী করীম সা. এর বিভিন্ন হাদিস দ্বারা এ বিষয়টি প্রমাণিত হয়। তিনি তাদের ব্যাপারে বলেছেন, তারা সবচেয়ে নিকৃষ্ট জীব, সেইসাথে এও বলেছেন যে, তাদের নামাযের সামনে তোমরা নিজেদের নামাযকে তুচ্ছ মনে করবে এবং তাদের রোযার সামনে তোমরা নিজেদের রোযাকে তুচ্ছ মনে করবে।

অতএব বুঝা গেল, ইসলামী শরীয়তের বিধানাবলী আবশ্যকীয়ভাবে গ্রহণ করা ছাড়া শুধু ইসলাম আঁকড়ে ধরার মাধ্যমে হত্যা থেকে ক্ষমা পাওয়া যাবেনা। বরং এমন ব্যক্তিকে হত্যা করা হবে এবং তার বিরুদ্ধে কিতাল করা হবে। সুতরাং কিতাল ওয়াজিব যতক্ষণ না দ্বীন পরিপূর্ণভাবে আল্লাহর জন্য সাব্যস্ত হয় এবং যতক্ষণ না আর কোন ফিতনা না থাকে। অতএব যখন দ্বীন গাইরুল্লাহর জন্য হবে তখন কিতাল ওয়াজিব হবে। যেকোন দল ও গোষ্ঠী যদি কিছু ফরয নামায, রোযা অথবা হজ্ব থেকে বিরত থাকে কিংবা অন্যের ধনসম্পদ, মদ, যিনা এবং জুয়া কিংবা রক্তসম্পর্কীয় আত্মীয়স্বজনদের সাথে বিবাহে আবদ্ধ হওয়া আবশ্যকীয়ভাবে হারাম মনে না করে অথবা কাফেরদের বিরুদ্ধে জিহাদ করা বা আহলে কিতাবের উপর জিযিয়া কর আরোপ করা ইত্যাদি দ্বীনের এমন অপরিহার্য বিধান সমূহকে এবং তার এমন হারাম ও নিষিদ্ধ বিষয়গুলোর হারাম হওয়াটা আবশ্যকীয়ভাবে গ্রহণ করা থেকে বিরত থাকে যেগুলো অস্বীকারের বা বর্জনের ব্যাপারে কারো কোনরূপ ওজর চলেনা, যেগুলো ওয়াজিব হওয়া অস্বীকারকারীকে কাফের সাব্যস্ত করা হয় তো এ রকম দল ও গোষ্ঠী শরীয়ত পরিত্যাগকারী বা তা পালনে বিরত দলের অন্তর্ভূক্ত হবে। আর শরীয়াহ পরিত্যাগকারী দলের বিরুদ্ধে তাদের এ অপরাধের দায়ে কিতাল করা হবে, যদিও তারা সেসকল বিধানাবলী স্বীকার করুক এবং বিশ্বাস করুক।

তিনি (ইবনে তাইমিয়াহ রহ.) বলেন, এটা এমন মাসআলা যে ব্যাপারে আমি উলামাদের মাঝে কোন রকম মতভেদ দেখিনি। -(মাজমূউল ফাতাওয়া, ২৮ তম খণ্ড)

তিনি আরো বলেন, এমন যেকোন দল যা ইসলামের ধারাবাহিক পরম্পরায় বর্ণিত সুস্পষ্ট বিধানাবলীর মধ্য থেকে কোন একটি বিধান থেকে বেরিয়ে যায় তাদের বিরুদ্ধে মুসলমানদের সকল ইমামদের সিদ্ধান্তের ভিত্তিতে কিতাল ওয়াজিব। যদিও তারা কালেমা স্বীকার করুক।

তিনি বলেন, যদিও সেই দল কালেমা স্বীকার করুক, যদি তারা কালেমার কথা স্বীকার করে এরপর পাঁচ ওয়াক্ত নামায থেকে বিরত থাকে তাহলে তাদের বিরুদ্ধে কিতাল ওয়াজিব যতক্ষণ না তারা নামায পড়া শুরু করে। যদি তারা যাকাত থেকে বিরত থাকে তবে তাদের বিরুদ্ধে কিতাল ওয়াজিব যতক্ষণ না তারা যাকাত আদায় করে। এভাবে যদি তারা রমযানের রোযা অথবা বাইতুল্লাহর হজ্ব থেকে বিরত থাকে, কিংবা তারা যদি অশ্লীল কাজকর্ম হারাম মনে করা থেকে বিরত থাকে, অথবা যিনা-ব্যভিচার কিংবা জুয়া বা মদ অথবা শরীয়তের অন্যান্য হারাম জিনিস হারাম মনে করা থেকে বিরত থাকে, এভাবে যদি তারা মানুষের জানমাল, রক্ত, সম্পদ এবং ইজ্জত-আব্রুর ব্যাপারে কুরআন-সুন্নাহ অনুযায়ী ফায়সালা করা থেকে বিরত থাকে (যেমন তারা এসব ক্ষেত্রে যদি সাধারণ আইন ইত্যাদি দ্বারা ফায়সালার প্রবক্তা হয়) এমনিভাবে যদি তারা সৎকাজে আদেশ ও অসৎকাজে নিষেধ থেকে এবং এসব ক্ষেত্রে শক্তিপ্রয়োগ থেকে বিরত থাকে, অথবা তারা যদি কাফেরদের বিরুদ্ধে জিহাদ করা থেকে বিরত থাকে- যতক্ষণ না তারা বশ্যতা স্বীকার করে স্বহস্তে অপদস্থতার সাথে জিজিয়া প্রদান করে, এভাবে যদি তারা কুরআন-সুন্নাহ ও সালাফে সালেহীন এবং মুজতাহিদ ইমামদের রায় বিরোধী বিদ'আত চালু করে তাহলেও এদের সকলের বিরুদ্ধে কিতাল ওয়াজিব। অতঃপর তিনি (ইমাম ইবনে তাইমিয়াহ রহ.) আল্লাহপাকের এই আয়াত দ্বারা তার উপরোক্ত বক্তব্যের দলীল পেশ করেন-

وقاتلوهم حتى لا تكون فتنة ويكون الدين كله لله

অর্থাৎ তোমরা তাদের বিরুদ্ধে কিতাল করতে থাকো, যাতে কোন ফিতনা আর না থাকে এবং দ্বীন পরিপূর্ণভাবে আল্লাহর জন্য হয়ে যায়। (সূরা আনফাল আয়াত ৩৯))

অতএব যদি দ্বীন আংশিক হয় আল্লাহর জন্য, আর আংশিক আল্লাহ ছাড়া অন্য কারো জন্য তাহলেই কিতাল ওয়াজিব হবে যতক্ষণ না পুরো দ্বীন আল্লাহর জন্য হয়ে যায়। (মাজমূউল ফাতাওয়া দ্রষ্টব্য)

অর্থাৎ অবস্থা যদি এই হয় যে, কিছু বিষয়ে শরীয়ত কার্যকর হয় আর কিছু বিষয়ে অকার্যকর। যেমন, সুদের বৈধতা দেয়া কিংবা উপরোল্লিখিত কোন হারাম বিষয়ের বৈধতা দেয়া তাহলেই সেখানে কিতাল ওয়াজিব হবে, যতক্ষণ না যাবতীয় বিষয়াদি এক আল্লাহর শরীয়তের অধীনে হয়ে যায়। অতএব, কিতাল হলো শরীয়তের শাসন প্রতিষ্ঠার জন্য।

এই যে শরীয়ত পালনে বিরত দলটির বিরুদ্ধে কিতাল করা হবে যদিও তারা কালেমা স্বীকার করুক, এটা কেন? এটা এজন্য যাতে আল্লাহর কালেমা-ই হয় চির উন্নত।

আমরা আল্লাহর কাছে কামনা করি, তিনি যেন আমাদের তাঁর হুকুম মেনে চলার তওফিক দান করেন এবং তার নাফরমানীর কাজগুলোকে আমাদের থেকে দূরে সরিয়ে রাখেন। নিশ্চয় তিনি সর্বশক্তিমান।

ওয়াসসালামু আলাইকুম ওয়ারাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু।
পরিশেষে আল মালাহিম মিডিয়া প্রকাশনা সংস্থায় দায়িত্বরত আপনাদের ভাইদের শুভেচ্ছা গ্রহণ করবেন।

বসে থাকাদের দলে থেকেও
কীভাবে তারা সন্তুষ্ট থাকতে পারে?



মুজাহিদ শাইখ ইবরাহিম আল-রুবাইশ
অনুবাদ: আবু বাসীর

সকল প্রশংসা আল্লাহর জন্যই। আমরা তাঁর প্রশংসা করি, তাঁর কাছে সাহায্য চাই এবং তাঁর কাছে ক্ষমা চাই। আমরা নিজেদের নফস হতে এবং আমাদের কর্মের খারাপ ফলাফল হতে আল্লাহর কাছে আশ্রয় চাই। যাকে আল্লাহ পথ দেখান তাকে কেউ গোমরাহ করতে পারে না, এবং যাকে আল্লাহ গোমরাহ করেন তাকে কেউ পথ দেখাতে পারে না।

আমি সাক্ষ্য দিচ্ছি যে আল্লাহ ছাড়া কোন ইলাহ নেই, তিনি একক ও তাঁর কোন অংশীদার নেই। আমি আরও সাক্ষ্য দিচ্ছি যে মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাঁর বান্দা এবং রাসুল। নবীজি সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, তাঁর পরিবার এবং তাঁর সাহাবীদের উপর শেষ বিচারের দিন পর্যন্ত শান্তি ও কল্যাণ বর্ষিত হোক।

হে আল্লাহ! আমরা আপনার কাছে অন্যের সামনে আমাদের শক্তি-সামর্থ্যের দুর্বলতায় ফরিয়াদ জানাই। আমরা আপনার কাছে আমাদের মুখোমুখি হওয়া বহু দু:খে এবং আমাদের ভোগ করা সকল যন্ত্রনায় আপনার কাছে ফরিয়াদ জানাই।

মুসলিম উম্মাহ আজ দু:খের মধ্যে ডুবে আছে এবং আল্লাহ ছাড়া কোন শক্তি ও ক্ষমতা নেই। উম্মাহ আজ রক্তের আধারে আটকে আছে এবং ডুবে যাচ্ছে, এবং আপনি যখন একে শত্রুর মুখের সামনে দেখেন তখন আপনার একটি প্রবাদ মনে পড়ে: যদি আপনি তাইম গোত্রের একটি দাসকে দেখেন তাহলে আপনি চিন্তা করবেন যে তাদের মধ্যে দাস কারা। বিষয়াদি ঠিক করা হয় যখন তাইমরা অনুপস্থিত থাকে, আর তাদের উপস্থিতিতে কেউ ঐসব নিয়ে তাদের কিছু জিজ্ঞেস করে না। উম্মাহ এমন এক অবস্থায় এসে দাড়িয়েছে যে আপনি তার প্রশংসা করতে পারবেন না। এটা শত্রুর নিয়ন্ত্রণে আছে, এবং আপনি আমাদের জাতির মত আর কোন জাতি পাবেন না যারা এত বেশি অপমানিত হয়েছে ও যন্ত্রনা সহ্য করেছে। আমরা অনেক জখম ও দু:খ সহ্য করেছি এবং করছি। উম্মাহর প্রতিটি অংশে আপনি পাবেন বিপর্যয়, দু:খ, বেদনা ও শাস্তি।

এই ব্যাপারটিকে অধিকতর খারাপ করে তুলেছে যে ব্যাপারটি, তা হচ্ছে উম্মাহ বিভিন্ন দল ও বিভাগে বিভক্ত হয়ে গিয়েছে। এর মধ্যে কিছু দল অন্য দলদের পরাস্ত করে তাদের অধীনস্ত করেছে। এটা শত্রুদের জন্য আনন্দের বিষয়। তারা শুধু দাঁড়িয়ে দাঁড়িয়ে দেখছে কীভাবে তাদের কাজটা উম্মাহর একটা দল তাদের হয়ে করে দিচ্ছে।

তাদের হয়ে তাদের কাজ করে দেওয়ার জন্য আমাদের উম্মায় যথেষ্ট লোক আছে। কি আশ্চর্য ব্যাপার! এটা কি সেই একই উম্মাহ যারা ইতিহাসের পাতা তাদের বীরত্ব ও কৃতিত্ব দিয়ে পূরণ করেছিল? এটা কি সেই একই উম্মাহ যারা সারা বিশ্বে পরিচিত ছিল এবং যারা শত্রুর অন্তর ভয় ও ত্রাস দিয়ে পূর্ণ করে দিত? এটা কি সেই একই উম্মাহ যার শাসক বৃষ্টি মেঘকে বলত যে, "তোমার যেখানে ইচ্ছা সেখানেই বৃষ্টি বর্ষণ কর, কারণ আমি আগে-পরে তোমার ফলনের শুল্ক হতে লাভবান হবই।"

এখন আপনি দেখতে পাচ্ছেন যে, উম্মাহ তার ধর্ম ও তার সম্মানের কারণ হতে সরে গিয়েছে। ফলে দিন দিন এটি আরো দুর্বল ও আরো অপমানিত হচ্ছে। রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম উম্মাহর এই আপতিত হওয়া অবস্থার কথা আবু দাউদের হাদিসে বর্ণনা করেছেন,

"যদি তোমরা ব্যবসা কর এবং কৃষিকাজে জড়িয়ে পড়ে

তাতে সন্তুষ্ট হয়ে জিহাদ ছেড়ে দাও - তবে আল্লাহ তোমাদের অবমাননা ও পরাধীনতার মাধ্যমে শাস্তি দিবেন। এটা তিনি অব্যাহত রাখবেন - যতদিন না তোমরা আবার দ্বীনের পথে ফিরে আস।"

আমাদের ভালবাসার মানুষটি (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) আমাদেরকে এই অসুখের কারণ এবং এর ঔষধের কথা জানিয়ে দিয়েছেন। যা হচ্ছে দ্বীনে প্রত্যাবর্তন। তাই আমরা কখনোই আমাদের উম্মাহ হতে এই পরাধীনতা ও অবমাননা দূর করতে পারব না - আল্লাহর পথে জিহাদ ছাড়া। আমাদের নিজেদের দুনিয়াবি ব্যাপার হতে এমন ভাবে ব্যস্ত থাকা বন্ধ করতে হবে, যা আমাদের আল্লাহর দ্বীনের প্রতি আমাদের কর্তব্য পালনে বাঁধা দেয়।

সুতরাং এই উম্মাহকে তাদের দুর্বলতা থেকে মুক্তি পেতে হলে তাদের অবশ্যই নিজ দ্বীনে ফিরে যেতে হবে এবং আল্লাহর পথে জিহাদে নিযুক্ত হতে হবে। এটা করার মাধ্যমেই আল্লাহর নির্দেশ পালন করা হবে এবং আল্লাহর সামনে আমাদের পেশ করার মত ওয়াসিলা হবে। এটা আল্লাহর শত্রুদের ক্রোধান্বিত করে তুলবে, যা হচ্ছে আল্লাহর পর আমাদের প্রথম উপায় উম্মাহকে অবমাননায় ডুবে যাওয়া থেকে বাঁচানোর জন্য।

ভাইয়েরা আমার,

কীভাবে আমরা পিছিয়ে পড়ায় সন্তুষ্ট থাকতে পারি যখন আল্লাহ বলেন,

ا أَيُّهَا الَّذِينَ آمَنُوا مَا لَكُمْ إِذَا قِيلَ لَكُمُ انفِرُوا فِي سَبِيلِ اللَّهِ اثَّاقَلْتُمْ إِلَى الْأَرْضِ ۚ أَرَضِيتُم بِالْحَيَاةِ الدُّنْيَا مِنَ الْآخِرَةِ ۚ فَمَا مَتَاعُ الْحَيَاةِ الدُّنْيَا فِي الْآخِرَةِ إِلَّا قَلِيلٌ ﴿38﴾

"হে ঈমানদারগণ, তোমাদের কি হল, যখন আল্লাহর পথে বের হবার জন্যে তোমাদের বলা হয়, তখন মাটি জড়িয়ে ধর, তোমরা কি আখেরাতের পরিবর্তে দুনিয়ার জীবনে পরিতুষ্ট হয়ে গেলে?"(আত-তাওবাহ:৩৮)
ভাইয়েরা, কীভাবে আমরা পিছিয়ে পড়ায় সন্তুষ্ট থাকতে পারি যখন আল্লাহ বলেন,

نفِرُوا خِفَافًا وَثِقَالًا وَجَاهِدُوا بِأَمْوَالِكُمْ وَأَنفُسِكُمْ فِي سَبِيلِ اللَّهِ ۚ ذَٰلِكُمْ خَيْرٌ لَّكُمْ إِن كُنتُمْ تَعْلَمُونَ ﴿41﴾
"তোমরা বের হয়ে পড় স্বল্প বা প্রচুর সরঞ্জামের সাথে এবং জিহাদ কর আল্লাহর পথে নিজেদের মাল ও জান দিয়ে।" (আত-তাওবাহ: ৪১)

কীভাবে আমরা পিছিয়ে পড়ায় সন্তুষ্ট থাকতে পারি যখন আল্লাহ বলেন,

إِلَّا تَنفِرُوا يُعَذِّبْكُمْ عَذَابًا أَلِيمًا وَيَسْتَبْدِلْ قَوْمًا غَيْرَكُمْ وَلَا تَضُرُّوهُ شَيْئًا ۗ وَاللَّهُ عَلَىٰ كُلِّ شَيْءٍ قَدِيرٌ ﴿39﴾
"যদি বের না হও, তবে আল্লাহ তোমাদের মর্মন্তুদ আযাব দেবেন এবং অপর জাতিকে তোমাদের স্থলাভিষিক্ত করবেন। তোমরা তাঁর কোন ক্ষতি করতে পারবে না" (আত-তাওবাহ:৩৯)

কীভাবে আমরা পিছিয়ে পড়ায় সন্তুষ্ট থাকতে পারি যখন রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, "যে যুদ্ধ ছাড়া মারা যাবে অথবা যুদ্ধের পূর্ণ সংকল্প ছাড়া মারা যাবে সে মুনাফিকের ডালের উপর নিয়ে মারা গেল।"

কীভাবে আমরা পিছিয়ে পড়ায় সন্তুষ্ট থাকতে পারি যখন আল্লাহর শরিয়াহকে বাতিল করা হচ্ছে, এবং মানবরচিত শরিয়াহ এর স্থান নিয়ে নিচ্ছে? আমরা আল্লাহর কাছে সাহায্য চাই।

ভাইয়েরা কীভাবে আমরা পিছিয়ে পড়ায় সন্তুষ্ট থাকতে পারি যখন আমরা আমাদের ভাইদের নিহত হতে দেখছি। তাদের সম্মানহানী হচ্ছে, তাদের ঘরবাড়ি ধ্বংস করা হচ্ছে। আমরা মুসলিমরা পাশে দাঁড়িয়ে শুধু দেখছি। আল্লাহ আমাদের উদ্দেশ্য করে বলেছেন -

وَمَا لَكُمْ لَا تُقَاتِلُونَ فِي سَبِيلِ اللَّهِ وَالْمُسْتَضْعَفِينَ مِنَ الرِّجَالِ وَالنِّسَاءِ وَالْوِلْدَانِ الَّذِينَ يَقُولُونَ رَبَّنَا أَخْرِجْنَا مِنْ هَٰذِهِ الْقَرْيَةِ الظَّالِمِ أَهْلُهَا وَاجْعَل لَّنَا مِن لَّدُنكَ وَلِيًّا وَاجْعَل لَّنَا مِن لَّدُنكَ نَصِيرًا ﴿75﴾
"আর তোমাদের কি হল যে, তেমারা আল্লাহর পথে লড়াই করছ না দুর্বল সেই পুরুষ, নারী ও শিশুদের পক্ষে, যারা বলে, হে আমাদের পালনকর্তা! আমাদের এই জনপদ থেকে নিষ্কৃতি দান কর; এখানকার অধিবাসীরা যে, অত্যাচারী! আর তোমার পক্ষ থেকে আমাদের জন্য পক্ষালম্বনকারী নির্ধারণ করে দাও এবং তোমার পক্ষ থেকে আমাদের জন্য সাহায্যকারী নির্ধারণ করে দাও।" (আন-নিসা:৭৫)

কীভাবে আমরা পিছিয়ে পড়ায় সন্তুষ্ট থাকতে পারি যখন আমরা দেখছি যে ইসলামের ভূমি একটির পর একটি দখল করা হচ্ছে, একটির পর একটি শত্রুর হাতে পড়ছে। আলেমরা স্পষ্টভাবে বলেছেন যে, জিহাদ ব্যক্তিগতভাবে ফরজ হয় তিনটি অবস্থায়, তাদের একটি হচ্ছে, যখন শত্রুরা মুসলমানদের কোন একটি এলাকায় আক্রমণ করে। শিশুরা তাদের পিতামাতার অনুমতি ছাড়া জিহাদের জন্য

বের হয়ে যাবে। তারা স্পষ্টভাবে বলেছেন যে এই অবস্থায় চাকররা তার মনিবদের অনুমতি ছাড়া, এবং দেনাদার পাওনাদারের অনুমতি ছাড়া এবং যারই যুদ্ধ করার সামর্থ আছে সে যেন সর্বাত্মকভাবে যুদ্ধ করে। যারা মুসলিমদের অবস্থা সম্পর্কে অবহিত, তাদের কি কোন সন্দেহ আছে যে জিহাদ সকল সামর্থ্যবান ব্যক্তির উপর ফরজ হয়েছে?

উম্মাহর জন্য সবচেয়ে বড় দু:খের বিষয় হচ্ছে, আমরা দেখছি যে শত্রুরা আমাদের ভূমিতে চারদিকে তান্ডব করছে। সেসময় আমরা ডিবেট করার জন্য কনফারেন্স আয়োজন করছি যে, জিহাদ কি ব্যক্তিগত ফরজ নাকি সাম্প্রদায়িক ফরজ?!

বছর যায় আর আসে। আমাদের জমি করায়ত্ত হচ্ছে, আমাদের সম্মানহানী হচ্ছে নিয়মিত। আর আমরা এখনো "জিহাদের কিতাব" এর প্রথম পৃষ্ঠায় আছি। ডিবেট করছি যে জিহাদ এখনো ব্যক্তিগত ফরজ হয়েছে কিনা, নাকি এখনো এটি একটি সাম্প্রদায়িক ফরজ রয়েছে।

ভাইয়েরা!

আপনি যা করতে পারেন তাই করুন, তবুও প্রথমে আপনাদের ভাইদের রক্ষা করুন। এরপর জিহাদের বিধানের ব্যাপারে আপনার যা ইচ্ছা হয় বলুন!

আরো খারাপ ব্যাপার হচ্ছে যে, কেউ কেউ মুসলিমদের বলছে যে জিহাদ হচ্ছে সাম্প্রদায়িকভাবে ফরজ। এভাবে তারা এই দায়িত্ব পালনে উম্মাহকে বাধা দিচ্ছে। আমরা দেখি যে, সে কখনো জিহাদের মাঠও দেখেনি টেলিভিশন ছাড়া। সে কীভাবে পরিস্থিতি বুঝে সিদ্ধান্ত নিবে?

আমার ভাইয়েরা!

যদি এটা সাম্প্রদায়িক ফরজও হয় তবুও এটা মনে রাখতে হবে যে, এটি আল্লাহর সবচেয়ে প্রিয় ইবাদত। শাইখুল ইসলাম ইবনে তাইমিয়্যাহ(আল্লাহ তার উপর করুণা করুন) বলেন,

"যেই গুনাহর মধ্যে নিমজ্জিত, তার নিরাময়ের জন্য সবচেয়ে ভাল ঔষধ হচ্ছে আল্লাহর পথে জিহাদ।"

মহিমান্বিত আল্লাহ বলেন,

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا هَلْ أَدُلُّكُمْ عَلَىٰ تِجَارَةٍ تُنجِيكُم مِّنْ عَذَابٍ أَلِيمٍ ﴿10﴾
تُؤْمِنُونَ بِاللَّهِ وَرَسُولِهِ وَتُجَاهِدُونَ فِي سَبِيلِ اللَّهِ بِأَمْوَالِكُمْ وَأَنفُسِكُمْ ۚ ذَٰلِكُمْ خَيْرٌ
لَّكُمْ إِن كُنتُمْ تَعْلَمُونَ ﴿11﴾ يَغْفِرْ لَكُمْ ذُنُوبَكُمْ وَيُدْخِلْكُمْ جَنَّاتٍ تَجْرِي مِن
تَحْتِهَا الْأَنْهَارُ وَمَسَاكِنَ طَيِّبَةً فِي جَنَّاتِ عَدْنٍ ۚ ذَٰلِكَ الْفَوْزُ الْعَظِيمُ ﴿12﴾
وَأُخْرَىٰ تُحِبُّونَهَا ۖ نَصْرٌ مِّنَ اللَّهِ وَفَتْحٌ قَرِيبٌ ۗ وَبَشِّرِ الْمُؤْمِنِينَ ﴿13﴾

"মুমিনগণ, আমি কি তোমাদেরকে এমন এক বানিজ্যের সন্ধান দিব, যা তোমাদেরকে যন্ত্রণাদায়ক শাস্তি থেকে মুক্তি দেবে? তা এই যে, তোমরা আল্লাহ ও তাঁর রসুলের প্রতি বিশ্বাস স্থাপন করবে এবং আল্লাহর পথে নিজেদের ধন-সম্পদ ও জীবনপণ করে জিহাদ করবে। এটাই তোমাদের জন্যে উত্তম; যদি তোমরা বুঝ। তিনি তোমাদের পাপরাশি ক্ষমা করবেন এবং এমন জান্নাতে দাখিল করবেন, যার পাদদেশে নদী প্রবাহিত এবং বসবাসের জান্নাতে উত্তম বাসগৃহে। এটা মহাসাফল্য। এবং আরও একটি অনুগ্রহ দিবেন, যা তোমরা পছন্দ কর। আল্লাহর পক্ষ থেকে সাহায্য এবং আসন্ন বিজয়। মুমিনদেরকে এর সুসংবাদ দান করুন।" (আল-ছফ:১০-১৩)

ভাই!

কি তোমাকে পিছিয়ে থাকতে বাধ্য করছে? তুমি কি পিছিয়ে থাকছো কারণ তুমি তোমার পরিবার ও মাতৃভূমিকে ছেড়ে যেতে ঘৃণা কর? যখন আল্লাহ বলেন,

قُلْ إِن كَانَ آبَاؤُكُمْ وَأَبْنَاؤُكُمْ وَإِخْوَانُكُمْ وَأَزْوَاجُكُمْ وَعَشِيرَتُكُمْ وَأَمْوَالٌ اقْتَرَفْتُمُوهَا
وَتِجَارَةٌ تَخْشَوْنَ كَسَادَهَا وَمَسَاكِنُ تَرْضَوْنَهَا أَحَبَّ إِلَيْكُم مِّنَ اللَّهِ وَرَسُولِهِ وَجِهَادٍ
فِي سَبِيلِهِ فَتَرَبَّصُوا حَتَّىٰ يَأْتِيَ اللَّهُ بِأَمْرِهِ ۗ وَاللَّهُ لَا يَهْدِي الْقَوْمَ الْفَاسِقِينَ ﴿24﴾

"বল, তোমাদের নিকট যদি তোমাদের পিতা তোমাদের সন্তান, তোমাদের ভাই, তোমাদের পত্নী, তোমাদের গোত্র, তোমাদের অর্জিত ধন-সম্পদ, তোমাদের ব্যবসা যা বন্ধ হয়ে যাওয়ার ভয় কর এবং তোমাদের বাসস্থান-যাকে তোমরা পছন্দ কর-আল্লাহ, তাঁর রসুল ও তাঁর রাহে জিহাদ করা থেকে অধিক প্রিয় হয়, তবে অপেক্ষা কর, আল্লাহর বিধান আসা পর্যন্ত, আর আল্লাহ ফাসেক সম্প্রদায়কে হেদায়েত করেন না। (আত-তাওবাহ:২৪)"

নাবিগাহ আল-জা'দি একটি বহিঃআক্রমণের জন্য যাচ্ছিলেন। তিনি তাঁর এবং তাঁর স্ত্রীর পরিস্থিতি এই কবিতার লাইন দিয়ে প্রকাশ করেন,

